



50726 - দোকানরে সরঞ্জামাদি ও হারিয়ে যাওয়া পণ্যরে উপর ক বিবসায়িক পণ্যরে যাকাত দতি হব?

প্রশ্ন

আমার একটি দোকান আছে। এখানে আশি হাজার রিয়ালরে (৮০,০০০) সরঞ্জামাদি আছে। মানুষরে কাছে দোকানটরি প্রাপ্য ঋণও আছে আশি হাজার (৮০,০০০) রিয়াল। ছয় মাস আগে দোকানটতিে আগুন লাগে। দোকান সংস্কাররে সাথে সাথে নতুন পণ্য আনা বাবদ চল্লিশ হাজার (৪০,০০০) রিয়াল খরচ হয়েছে। তার মাঝে পয়ত্রিশ হাজার (৩৫,০০০) রিয়াল দোকানরে নামে মাসিক কিস্ততিে ঋণ হিসেবে নতিে হয়েছে।

প্রথম প্রশ্ন: দোকানে আগুন লাগার আগে যে সরঞ্জামাদি ছিলি, সগেলের মূল্য থেকে ক আমাদরেকে যাকাত দতি হব?
(সম্পূর্ণ খরচ + ঋণ) – (সংস্কার ও নতুন পণ্য)

দ্বিতীয় প্রশ্ন: সংস্কার করার পর বছর পূর্ণ হয়নি। আমরা ক এর যাকাত দবি; নাকি পুরো দোকানরে যাকাত দবি, যার সাথে আমাদরে প্রাপ্য ঋণও অন্তর্ভুক্ত হব?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

দোকানে থাকা পণ্য দুই ভাগে বিভক্ত:

প্রথম ভাগ: যে পণ্য ব্যবসা করার জন্য প্রস্তুত করা হয়েছে। সটো রিয়ালে এস্টেট কথিবা খাদ্যদ্রব্য কথিবা জামাকাপড় কথিবা অন্য যে কোনও বক্রয়রে উপযুক্ত পণ্য হোক।

দ্বিতীয় ভাগ: যা ব্যবসার জন্য প্রস্তুত করা হয়নি। বরং উৎপাদন অথবা ব্যবহাররে জন্য করা হয়েছে। যমেন: কারখানার যন্ত্রপাতি, গাড়ি, আসবাবপত্র, ক্যামরো, কম্পিউটার ইত্যাদি।

প্রথম প্রকারকে ব্যবসায়িক পণ্য হিসেবে গণ্য করা হয়। এর উপর যাকাত আবশ্যিক। আর দ্বিতীয় প্রকার স্থায়ী মূলধন হিসেবে বিবেচতি হয়, যার উপর যাকাত নই।

ইতঃপূর্ববে (42072) নং প্রশ্নরে উত্তরে ব্যবসায়িক পণ্যে যাকাতরে আবশ্যকতা এবং এর নসোবরে বিবরণ প্রদান করা হয়েছে। এছাড়াও উল্লেখ করা হয়েছে, যে সমস্ত স্থায়ী বস্তু বক্রয়র জন্য প্রস্তুত করা হয় না, সগেলোতে যাকাত নই।



আর (22449) নং প্রশ্নের উত্তরে তুলে ধরা হয়েছে যে, ব্যবসায়িক পণ্যের যাকাত পণ্য দিয়েও প্রদান করা যাবে; নগদ অর্থে প্রদান করার আবশ্যিকতা নাই।

ব্যবসায়িক পণ্যে যাকাতের হিসাব করার পদ্ধতি জানার জন্য (26236) নং প্রশ্নের উত্তর দেখুন। সেখানে বলা হয়েছে যে ব্যবসার যাকাত দিতে হবে বিক্রয় মূল্য হিসাব করে; ক্রয় মূল্যে নয়।

সারকথা হলো:

যখন আপনার দোকানরে যাকাত প্রদান করার সময় হবে, তখন আপনি আপনার দোকানে থাকা সকল ব্যবসায়িক জনসিপত্র হিসাব করবেন, এর সাথে আপনার কাছে থাকা নগদ অর্থ হিসাব করবেন, এর সাথে উসূলযোগ্য প্রাপ্য ঋণ হিসাব করবেন; তারপর এ সবগুলো সম্পদে এক-চল্লিশাংশ (২.৫%) যাকাত প্রদান করবেন।

আর যে সমস্ত ঋণ দরদীর মানুষ অথবা দীর্ঘসূত্রতাকারীর কাছে থাকায় উসূলরে আশা করা যায় না, সেগুলোর কোনোটো যাকাত নাই। তবে আপনি এমন ঋণ উসূল করতে পারলে আপনার হাতে আসার দিন থেকে নতুন করে বছর গণনা করবেন। তবে এক্ষেত্রে সতর্কতা হলো: আপনি এ ঋণ হস্তগত করার দিন থেকে বগিত এক বছরের যাকাত পরিশোধ করা; যদিও সে ঋণ কয়েক বছর ধরে বকয়ো পড়ে থাকে। (1346) নং প্রশ্নের উত্তর দেখুন।

আর আপনি ঋণগ্রস্ত হলোও সেই ঋণের পরিমাণ আপনার যাকাত প্রদানের সম্পদ থেকে বাদ দেওয়া যাবে না। আলমেদরে মতসমূহের মাঝে এটি সঠিক মত। (22426) নং প্রশ্নোত্তরটি দেখুন।

আর যে সব পণ্য পুড়ে গিয়েছে সেগুলো দোকানরে বর্তমান জনসিপত্রের সাথে যুক্ত হবে না।

পুড়ে যাওয়ার পর আপনি দোকানরে নতুন করে যে সংস্কার করছেন, সেটি যদি আসবাবপত্র, অভ্যন্তরীণ সাজসজ্জা ও স্থায়ী সরঞ্জামাদি হয়: তাহলে ইতোপূর্বে বলা হয়েছে যে এতে যাকাত নাই। সুতরাং দোকানরে যাকাতযোগ্য পণ্যসামগ্রীর সাথে এগুলোকে হিসাব করা হবে না। আর যদি বিক্রয়যোগ্য সামগ্রী হয়, যদি আপনি এ সামগ্রীগুলো দোকানরে মূলধন দিয়ে কথিবা লাভের অর্থ দিয়ে কোনো হয়, তাহলে দোকানরে সাথেই এর যাকাত দিতে হবে, যদিও এর বছর পূরণ না হয়। আর যদি দোকানরে মূলধন ছাড়া অন্য অর্থ দিয়ে কোনো হয়, তাহলে এর বছর পূর্তি হবে ঐ (ক্রয়ের) অর্থের বর্ষপূর্তির সাথে। যে অর্থ দিয়ে কোনো হয়েছে, সেটির বর্ষপূর্তি হলে সেটির সাথে এই পণ্যের বর্ষপূর্তি ধরে যাকাত প্রদান করতে হবে।

আমরা আল্লাহর কাছে দোয়া করছি তিনি যেন আপনাকে উত্তম বদলা দান করেন এবং ভালো রযিকি দান করেন।

আল্লাহ সর্বজ্ঞ।